138

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ১৫ JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক সংবাদ

# সিলেটে শিক্ষকদের সভা পরীক্ষা কেন্দ্রে হাকিমের আচরণের নিন্দা

(জেলা বার্তা পরিবেশক)

সিলেট, ১৩ই জুলাই।— সিলেট বিভাগের কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক যৌথ প্রতিবাদ সভায় গত ১০ই জুলাই এইচএসসি পরীক্ষার মদন মোহন বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে হল পরিদর্শক আবুল ফতেহ ফাত্তাহ'র সাথে কর্তব্যরত হাকিমের অশোভন আচরণে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে হাকিমের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়। মদন মোহন বিশ্ববিদ্যালয় কলেজ মিলনায়তনে শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি, কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কলেজ শিক্ষক সমিতি ও সিলেট বিভাগ কলেজ শিক্ষক কল্যাণ পরিষদের এই যৌথ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন অধ্যক্ষ নজরুল ইসলাম চৌধুরী। বক্তব্য রাখেন সুষেন্দ্র কুমার পাল, রসেন্দ্র কুমার দাস, বাহাউদ্দিন জাকারিয়া, মহিউদ্দিন শীরু, জয়নুল আবেদিন চৌধুরী প্রমুখ। যৌথ প্রতিবাদ সভায় মঈনুদ্দিন আদর্শ মহিলা কলেজ এইচএসসি পরীক্ষা কেন্দ্রে ছাত্রীদের সাথে কর্তব্যরত হাকিমের অশালীন আচরণের প্রতিকার, মদন মোহন বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রের ঘটনায় ছাত্রদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার, শিক্ষকদের পদমর্যাদার সাথে সঙ্গতি রেখে পরীক্ষা কেন্দ্রে সরকারি কর্মকর্তা নিয়োগ ইত্যাদি দাবি করা হয়।